

بِسْمِ اللَّهِ الرَّحْمَنِ الرَّحِيمِ

Phone –(202) 244-0183
Fax : (202) 244-2771/7830
E-mail : bdootwash@bdembassyusa.org
Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

Press Release

December 18, 2010

Victory Day Celebrated with colorful cultural display at the Embassy of Bangladesh in Washington DC

Thirty Ninth anniversary of the Victory Day of **Bangladesh** was celebrated with discussion meeting, colorful display of **Bangladesh** culture, utmost fan fare and festivity in the Embassy of Bangladesh in Washington DC on December 18, 2010. Braving icy cold, an overflowing crowd of about 400 audiences, comprising officials from US State Department and other Agencies, academics, Congressional Staffer, representatives from Think Tanks, socio-cultural organizations, former Bangladesh Ambassadors, Senior Officers of the Bangladesh **Foreign Ministry** and members of the community, among others. Held at the Bangabandhu **Auditorium** of the Embassy, Bangladesh **Ambassador** to USA and State Minister H.E. Mr. Akramul Qader in his speech paid rich tribute to Bangabandhu Sheikh Mujibur Rahman-Father of the Nation, millions of martyrs and the valiant freedom fighters for making Bangladesh free. He added that the present Government of Hon'ble **Prime Minister Sheikh Hasina** is working to fulfill the dreams of the **freedom struggle**. In his speech, Ambassador Qader also mentioned the role of the individuals in the USA to the cause of Bangladesh's independence, and informed the audience about the government's initiative to honor the friends of Bangladesh in different countries of the world. Bangladesh Ambassador also urged the expatriate Bangladeshis to come forward for the socio-economic development of Bangladesh.

Mr. Peter Blood, son of Mr. Archer K. Blood-the then US Consul General to Dhaka, in his emotion-choked speech, narrated his father's role in favor of the Bengalees. He also mentioned that the values that drove Bangladesh to independence were the shared **universal values** of human rights and dignity. Mr. Monayem Chowdhury, a Bangladesh-American, chronicled the struggles and sacrifices of the expatriate Bengalees in USA during the liberation war with special reference to the

heroic role of the diaspora in using small boats to blockade Pakistani ships at the harbors in Baltimore and Philadelphia. Nadia, a young Bangladesh raised in USA, spoke on the occasion to share the viewpoint and perception of the young generation about independence of the country. One minute silence was observed to register respect for the martyrs of the [independence war](#).

A cultural program based on the theme “*Ekti Phulke Banchabo Bole*”(to save a flower) was presented by Embassy officials and members of their families which contained songs & recitations aired by the [Swadhin Bangla Betar Kendra](#). Directed by Ms. Apparna Data, young artistes of the local Nupur Academy performed dances depicting the theme. Choreographed by Mr. Jashim Uddin, Minister(Political),the colorful cultural segment visualized the pains of supreme sacrifice for the nation and the joy of gaining blood-earned victory. Ms. Rasheda Rawnok Khan- famous TV anchor and a member of Embassy family, Mr. Muhamamd Nazmul Hoque, Head of Chancery and Sonia Sharmin (Shawrna), another embassy family member, earned accolade for their lively presentations as Masters of Ceremony. The event received enormous support from noted singer Mr. Abu Rumi. Mr. Ashish [Barua](#) helped in *Tabla* while Mr. Milon Mowla assisted in technical matters. Eng. Jamil Khan supervised the sound and lights. Ms. Rifat Sultana Akram, wife of the Bangladesh Ambassador, delivered the [Vote of Thanks](#) at the end of the program.

On 16 December,2010, as a part of series of Victory Day programs, Bangladesh [national flag](#) was ceremonially hoisted by Ambassador Qader in presence of all the officials of the Embassy. Messages from Hon’ble President , Hon’ble Prime Minister and Hon’ble Foreign Minister on the occasion were read out. The program in the morning concluded with a special prayer seeking for the salvation of the departed souls of the martyrs of the independence war and for the prosperity of the country. All guests were served with dinner.

Swapan Kumar Saha, Minister (Press), Embassy of Bangladesh, Washington DC, Phone: 202-244-5071, Fax: 202-244-2771\7830, e-mail-pressministerwash@yahoo.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

Phone –(202) 244-0183

Fax : (202) 244-2771/7830

E-mail : bdootwash@bdembassyusa.org

Website : www.bdembassyusa.org



EMBASSY OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
3510 International Drive, NW
Washington, D.C 20008

প্রেস বিজ্ঞপ্তি

ডিসেম্বর ১৮, ২০১০

বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্য দিয়ে ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে উদ্‌যাপিত
হলো মহান বিজয় দিবস

মহান বিজয় দিবসের ৩৯তম বার্ষিকী সাড়ম্বরে উদ্‌যাপিত হলো ওয়াশিংটনে বাংলাদেশ দূতাবাসে ১৮ই ডিসেম্বর ২০১০। আলোচনাসভা, বাংলাদেশের সংস্কৃতির বর্ণাঢ্য প্রদর্শনী এবং উৎসবের আনন্দ ও উদ্দীপনার মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়। কনকনে শীতকে উপেক্ষা করে প্রায় চারশ দেশী- বিদেশী দর্শক শ্রোতা অনুষ্ঠানে অংশগ্রহন করেন যাদের মধ্যে ছিলেন মার্কিন পররাষ্ট্র ও অন্যান্য মন্ত্রণালয়ের কর্মকর্তাবৃন্দ, কংগ্রেসনাল স্টাফ, থিংকট্যাংক, সামাজিক ও সাংস্কৃতিক সংস্থাসমূহের প্রতিনিধি, বাংলাদেশের প্রাক্তন রাষ্ট্রদূত, বাংলাদেশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ এবং প্রবাসী বাংলাদেশীরা। দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে অনুষ্ঠিত আয়োজনে যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের মান্যবর রাষ্ট্রদূত আকরামুল কাদের তাঁর বক্তৃতায় বাংলাদেশের বিজয় অর্জনের জন্য জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, মুক্তিযুদ্ধের অসংখ্য শহীদ এবং মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান গণতান্ত্রিক সরকার মুক্তিযোদ্ধাদের স্বপ্ন বাস্তবায়নের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। মুক্তিযুদ্ধে অবদান রাখার জন্য যুক্তরাষ্ট্রের অনেক ব্যক্তির অবদানের

কথা স্মরণ করতে গিয়ে তিনি বলেন যে বর্তমান সরকার মুক্তিযুদ্ধে ভূমিকা পালনকারী বিদেশী নাগরিকদের অবদানের আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদানের জন্য উদ্যোগ নিয়েছে। বাংলাদেশের রাষ্ট্রদূত প্রবাসী বাংলাদেশীদের দেশের আর্থ-সামাজিক উন্নয়নে এগিয়ে আসার জন্য আহ্বান জানান।

মুক্তিযুদ্ধকালীন সময়ে ঢাকায় নিযুক্ত মার্কিন কনসাল জেনারেল আর্চার ব্লাডের পুত্র পিটার ব্লাড তাঁর বক্তৃতায় বাঙ্গালীদের দাবীর সমর্থনে তাঁর পিতার ভূমিকার কথা আবেগরুদ্ধভাবে স্মরণ করেন। তিনি আরও বলেন যে, বাংলাদেশের মানুষকে মুক্তিযুদ্ধে অংশগ্রহণে যে মূল্যবোধ উদ্বুদ্ধ করে তা মূলতঃ মানবাধিকার ও মর্যাদা রক্ষার বিশ্বজনীন মূল্যবোধের দ্বারা চালিত ছিল। বাংলাদেশী-আমেরিকান নাগরিক জনাব মোনায়েম চৌধুরী মুক্তিযুদ্ধকালীন সময়ে প্রবাসী বাঙ্গালীরা কিভাবে বাল্টিমোর ও ফিলাডেলফিয়াতে অস্ত্রবোঝাই পাকিস্তানী জাহাজ অবরোধে সাহসী ভূমিকা রাখেন সে বিষয়ে তিনি স্মৃতিচারণ করেন। বর্তমান প্রজন্ম মুক্তিযুদ্ধকে কিভাবে দেখছে সে বিষয়ে মার্কিন প্রবাসী তরুণী নাদিয়া তাঁর দৃষ্টিভঙ্গীর কথা তুলে ধরেন। মুক্তিযুদ্ধের শহীদদের স্মরণে অনুষ্ঠানের শুরুতে এক মিনিট নীরবতা পালন করা হয়।

“একটি ফুলকে বাঁচাবো বলে” মূলভাব(theme)-কে উপজীব্য করে আলোচনা সভার শেষে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয় এবং দূতাবাসের কর্মকর্তা এবং দূতাবাস পরিবারের সদস্যরা সঙ্গীত এবং আবৃত্তিতে অংশগ্রহণ করেন যা স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে যুদ্ধকালীন সময়ে প্রচারিত হয়। অপর্ণা দত্তের পরিচালনায় স্থানীয় ‘নূপুর একাডেমী’র নৃত্যশিল্পীরা নৃত্য পরিবেশন করে। রাজনৈতিক মিনিস্টার জনাব জসীম উদ্দিনের পরিকল্পনায় আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানটি স্বাধীনতা অর্জনের জন্য জাতির সর্বোচ্চ আত্মত্যাগ এবং বিজয় অর্জনের আনন্দকে তুলে ধরে। মিসেস রাশেদা রওনক খান-জনপ্রিয় টিভি উপস্থাপিকা এবং দূতাবাস পরিবারের সদস্য, জনাব মোঃ নাজমুল হক, চ্যান্সারী প্রধান এবং সোনিয়া শারমিন (স্বর্ণা) সঞ্চালকের ভূমিকা পালন করে দর্শকপ্রিয়তা অর্জন করে। জনপ্রিয় শিল্পী আবু রুমী, সাংস্কৃতিক সংগঠক জনাব মিলন মাওলা এবং তবলাবাদক জনাব আশীষ

বড়ুয়া অনুষ্ঠান আয়োজনে বিশেষ সহায়তা প্রদান করেন। প্রকৌশলী জামিল খান শব্দ ও আলোক নিয়ন্ত্রণ তদারক করেন। অনুষ্ঠানশেষে রাষ্ট্রদূতপত্নী মিসেস রিফাত সুলতানা আকরাম সমস্ত শিল্পী, দর্শক এবং অন্যান্যদের ধন্যবাদ জ্ঞাপন করেন।

বিজয় দিবসের অনুষ্ঠানমালার অংশ হিসেবে ১৬ই ডিসেম্বর সকালে দূতাবাস প্রাঙ্গণে মান্যবর রাষ্ট্রদূত আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন। অনুষ্ঠানে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্রমন্ত্রীর বাণী পাঠ করা হয়। অনুষ্ঠানের শেষে শহীদদের আত্মার মাগফেরাত এবং দেশের অব্যাহত সমৃদ্ধি কামনা করে বিশেষ মোনাজাত পরিচালনা করা হয়। অনুষ্ঠানশেষে সমস্ত অতিথিদের নৈশভোজে আপ্যায়িত করা হয়।

স্বপন কুমার সাহা, মিনিস্টার (প্রেস), বাংলাদেশ দূতাবাস, ওয়াশিংটন ডিসি ফোন : ২০২-২৪৪-৫০৭১, ফাক্স : ২০২-২৪৪-২৭৭১/৭৮৩০ ই-মেইল : pressministerwash@yahoo.com